

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৫৭

আরবি মূল আয়াত:

وَلَوْ لَا نِعْمَةُ رَبِّي لَكُنْتُ مِنَ الْمُحْضَرِينَ ﴿٥٧﴾

অনুবাদসমূহ:

‘আমার রবের অনুগ্রহ না থাকলে আমিও তো (জাহান্নামে) হাযিরকৃতদের একজন হতাম’। — আল-বায়ান

আমার প্রতিপালকের অনুগ্রহ না হলে আমিও তো (জাহান্নামের ভিতর) হাজির করা লোকদের মধ্যে शामिल থাকতাম। — তাইসিরুল

আমার রবের অনুগ্রহ না থাকলে আমিও আটক ব্যক্তিদের মধ্যে शामिल হতাম। — মুজিবুর রহমান

If not for the favor of my Lord, I would have been of those brought in [to Hell]. — Sahih International

৫৭. আমার রবের অনুগ্রহ না থাকলে আমিও তো হাযিরকৃত(১) ব্যক্তিদের মধ্যে शामिल হতাম।

(১) অর্থাৎ যদি আমার উপর আল্লাহর নেয়ামত না থাকত, তবে তো আমি জাহান্নামের শাস্তিতে হাযিরকৃত লোকদের অন্তর্ভুক্ত হয়ে যেতাম। [সাদী]

তাফসীরে জাকারিয়া

(৫৭) আমার প্রতিপালকের অনুগ্রহ না থাকলে আমাকেও (তোমাদের মাঝে) উপস্থিত করা হত। [1]

[1] অর্থাৎ, উঁকি দিতেই তারা ঐ ব্যক্তিকে জাহান্নামের মাঝে দেখতে পাবে এবং তাকে ঐ জান্নাতী ব্যক্তি বলবে, তুমি আমাকেও পথভ্রষ্ট করে ধ্বংসের পথে ঠেলে দিতে চেয়েছিলে। আমার প্রতি আল্লাহর অনুগ্রহ ছিল। তা না হলে আজ আমিও তোমার সাথে জাহান্নামবাসী হতাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3845>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন